197

দৈনিক ইনকিলাব

তারিখ 19 AUG 1997
পৃষ্ঠা ... কলাম ...

# রাজশাহী শিক্ষা বোর্ডের সাড়ে ৩ হাজার পরীক্ষার্থী ফলাফল পাবে না

রাজশাহী অফিস ঃ পরীক্ষা দিলেও রাজশাহী শিক্ষা বোর্ডের প্রায় সাড়ে ৩ হাজার উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী তাদের ফলাফল পাবে না। যে সমস্ত পরীক্ষার্থী অন্য কলেজ থেকে পরীক্ষায় অংশ নিয়েছে বোর্ড কর্তৃপক্ষ তাদের ফলাফল বাতিল করার সিদ্ধান্ত নিতে যাচ্ছে বলে নির্ভরযোগ্য একটি সূত্র জানিয়েছে। এদের মধ্যে অনেকে শহরের কলেজ থেকে অকৃতকার্য হয়ে পরের বছর অন্য কলেজ থেকে ফরম পূরণ করে পরীক্ষায় অংশ নিয়েছিল।

কয়েকজন কলেজ অধ্যক্ষ অভিযোগ করেন, ফলাফল যদি বাতিল করা হবে তবে তাদের পরীক্ষায় অংশ নিতে দেয়া হলো কেন? ফরম

১১-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## রাজশাহী শিক্ষা বোর্ড

প্রথম পৃষ্ঠার পর

পূরণের সময় এটা বন্ধ করা হলে এসব পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিত না। তারা ফি জমা নিল, প্রবেশপত্র দিল, পরীক্ষার্থীরা পরীক্ষায় অংশ নিল— এখন তাদের ফলাফল আটকে দেয়া অমানবিক। তাছাড়া কয়েক বছর ধরে এ কলেজের পরীক্ষার্থী অন্য কলেজে গিয়ে পরীক্ষায় অংশ নিচ্ছে। নাম প্রকাশে অনিচ্ছুক একজন অধ্যক্ষ জানান, এসব অনিয়ম বোর্ড কর্তৃপক্ষ টাকার বিনিময়ে ঠিকঠাক করে দেয়। লাইন থাকলে অনেক অবৈধ কাজ বৈধ হয়ে যায়। এসব গলদ আগে সারানো দরকার। হঠাৎ করে ফলাফল স্থগিতের মত হটকারী সিদ্ধান্ত না নিয়ে পূর্ব থেকে ঘোষণা দিয়ে ব্যবস্থা নিলে ভাল হয়।

বোর্ডের একটি সূত্র জানান, কিছু কিছু কলেজ মোটা অর্থের বিনিময়ে অবৈধভাবে ছাত্র-ছাত্রী নিয়ে বোর্ডকে বেকায়দায় ফেলছে। পরীক্ষা শুরুর দু'একদিন আগে বোর্ডে এসে ঝামেলা শুরু করে দেয়। বোর্ড কর্তৃপক্ষ বাধ্য হয়ে প্রবেশপত্র ইস্যু করে। এর সাথে বোর্ডের একটি মহলের সহযোগিতা থাকে।

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির রাজশাহী জেলা সভাপতি অধ্যক্ষ মোল্লা সোহ্‌রাবুল আহমদ ও সাধারণ সম্পাদক উপাধ্যক্ষ আব্দুল বারী এক বিবৃতিতে রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণকৃত কয়েক হাজার ছাত্র-ছাত্রীর ফলাফল বাতিলের সিদ্ধান্তের তীব্র নিন্দা ও ক্ষোভ জানিয়েছেন। বোর্ড কর্তৃপক্ষকে এধরনের সিদ্ধান্ত না নিয়ে পরীক্ষার্থীদের ফলাফল প্রকাশের আহবান জানানো হয়।